তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং ঃ ২২/২০১৬

অভিযোগকারী ঃ জনাব মোঃ ফিরোজ উদ্দিন
পিতা-মোঃ ওছমান গনী
ব্লাস্ট, ১/১ পাইওনিয়ার রোড
কাকরাইল, ঢাকা-১০০০।

প্রতিপক্ষ ঃ জনাব মোঃ শরীফ উদ্দিন
পরিচালক (প্রশাসন ও অর্থ) (অতিরিক্ত দায়িত্ব)
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
জাতীয় মানবাধিকার কমিশন
মগবাজার, ঢাকা ।

সিদ্ধান্তপত্র

(তারিখ ঃ ১৯-০৪-২০১৬ ইং)

অভিযোগকারী ২৫-১০-২০১৫ তারিখে (অভিযোগে উল্লিখিত তথ্য অনুযায়ী) তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জাতীয় মানবাধিকার কমিশন, গুলফেশন প্লাজা (১২ তলা), ৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, মগবাজার, ঢাকা-১২১৭, বাংলাদেশ বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- **জাতীয় মানবাধিকার কমিশনের অধিনে অনুষ্ঠিত ১০-১০-২০১৫ তারিখে উপ পরিচালক (প্রশাসন ও অর্থ), জনসংযোগ কর্মকর্তা. সহকারী পরিচালক (সমাজসেবা এবং কাউন্সেলিং), সহকারি পরিচালক (তথ্য প্রযুক্তি), সহকারি পরিচালক (প্রশিক্ষণ), সহকারি পরিচালক (গবেষণা), সহকারি পরিচালক (আইন), সহকারি পরিচালক (অভিযোগ,পর্যবেক্ষণ ও সমঝোতা) এবং সহকারি পরিচালক (অর্থ) পদে লিখিত পরীক্ষায় মোট কত জন অংশগ্রহন করেন? তাদের রোল নং ও নামের তালিকা চাই।**
- **অংশগ্রহণকারী পরীক্ষার্থীগণ কে কোন কোটায় আবেদন করেছিলেন? উক্ত কোটার নাম, আবেদনকারীর নাম এবং রোল নং এর তালিকা পেতে চাই। কোটায় আবেদনকারীদের মধ্যে প্রতিবন্ধী কোটায় কত জন আবেদন করেছিলেন? তাদের নাম ও রোল নং এর তালিকা পেতে চাই।**
- **লিখিত পরীক্ষায় মোট কত জন সাধারণ পরীক্ষার্থী উত্তীর্ণ হন? তাদের নাম, লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর ও রোল নং এর তালিকা পেতে চাই। এদের মধ্যে কোটায় আবেদনকারী কত জন পরীক্ষার্থী উত্তীর্ণ হন? তাদের নাম, লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর ও রোল নং এর তালিকা চাই। প্রতিবন্ধী কোটায় কত জন পরীক্ষার্থী উত্তীর্ণ হন? তাদের নাম, লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর ও রোল নং এর তালিকা পেতে চাই।**
- **মৌখিক পরীক্ষায় মোট কত জন সাধারণ পরীক্ষার্থী অংশগ্রহণ করেন? তাদের নাম ও রোল নং এর তালিকা চাই। এদের মধ্যে কোটায় আবেদনকারী কত জন পরীক্ষার্থী অংশগ্রহণ করেন? তাদের নাম ও রোল নং এর তালিকা চাই। এদের মধ্যে কোটায় আবেদনকারী কত জন পরীক্ষার্থী অংশগ্রহণ করেন? তাদের নাম ও রোল নং এর তালিকা পেতে চাই। প্রতিবন্ধী কোটায় আবেদনকারী কত জন পরীক্ষার্থী অংশগ্রহণ করেন। তাদের নাম ও রোল নং এর তালিকা চাই।**
- **মৌখিক পরীক্ষায় মোট কত জন সাধারন পরীক্ষার্থী উত্তীর্ণ হন? তাদের নাম ও রোল নং এর তালিকা চাই। এদের মধ্যে মৌখিক পরীক্ষায় কোটায় আবেদনকারী কত জন পরীক্ষার্থী উত্তীর্ণ হন তাদের নাম ও রোল নং এর তালিকা চাই। মৌখিক পরীক্ষায় প্রতিবন্ধী কোটায় আবেদনকারী কত জন পরীক্ষার্থী উত্তীর্ণ হন? তাদের নাম ও রোল নং এর তালিকা চাই।**
- **মৌখিক পরীক্ষায় সাধারণ পরীক্ষার্থী মোট কে কত নম্বর পেয়েছেন? তাদের নাম, মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর ও রোল নং এর তালিকা চাই। এদের মধ্যে মৌখিক পরীক্ষায় কোটায় আবেদনকারী পরীক্ষার্থী কে কত নম্বর পেয়েছেন? তাদের নামের নাম, মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর ও রোল নং এর তালিকা চাই। মৌখিক পরীক্ষায় প্রতিবন্ধী কোটায় আবেদনকারী পরীক্ষার্থী কে কত নম্বর পেয়েছেন? তাদের নাম মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর ও রোল নং এর তালিকা চাই।**

২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ২৯-১১-২০১৫ তারিখে ড. মিজানুর রহমান, চেয়ারম্যান ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), জাতীয় মানবাধিকার কমিশন, গুলফেশন প্লাজা (১২ তলা), ৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, মগবাজার, ঢাকা-১২১৭, বাংলাদেশ বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২০-০১-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

৩। ২৯-০২-২০১৬ তারিখের সভায় অভিযোগটি আমলে নিয়ে ২২-০৩-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

৪। শুনানীতে উভয় পক্ষ হাজির। অধিকতর শুনানীর প্রয়োজনীয়তা থাকায় ১৯-০৪-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

৫। শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

৬। প্রতিপক্ষ জনাব মোঃ শরীফ উদ্দিন, পরিচালক (প্রশাসন ও অর্থ) (অতিরিক্ত দায়িত্ব) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জাতীয় মানবাধিকার কমিশন, মগবাজার, ঢাকা, তার বক্তব্যে উল্লেখ করেন যে, ভারপ্রাপ্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে কিছুদিন ধরে তিনি দায়িত্বে রয়েছেন। তিনি অভিযোগকারীকে সমস্ত তথ্য দিতে প্রস্তুত আছেন । এজন্য তিনি ২০ কার্যদিবসের সময় তথ্য কমিশনের নিকট প্রার্থনা করেন ।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অত্র কার্যালয়ে ভারপ্রাপ্ত হিসেবে নতুন যোগদান করেছেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থীত তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো ঃ-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ১৫ দিনের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব মোঃ শরীফ উদ্দিন, পরিচালক (প্রশাসন ও অর্থ) (অতিরিক্ত দায়িত্ব) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জাতীয় মানবাধিকার কমিশন, মগবাজার, ঢাকা কে নির্দেশনা দেয়া হলো।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত	**স্বাক্ষরিত**	**স্বাক্ষরিত**
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)	**(নেপাল চন্দ্র সরকার)**	**(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)**
তথ্য কমিশনার	তথ্য কমিশনার	প্রধান তথ্য কমিশনার

[বে.স]